বিজ্ঞাপন প্রকাশ
শ্রেণীবদ্ধ সহ বিভিন্ন ধরনের দৈনিক অথবা মাসিক বিজ্ঞাপন সংবাদপত্রে প্রকাশিত করতে যোগাযোগ করুন - ৯০৬২৮৬৭৯২১ নং এ ।

এই যুগ
EI YUG

ADVERTISMENT
TO PUBLISH VARIOUS TYPES OF DAILY OR MONTHLY ADVERTISEMENT IN NEWSPAPER INCLUDING CLASSIFIEDS ,
CONTACT- 9062867921.

অনলাইন সংস্করণ : eiyug.in [ PRICE। মূল্য-2 টাকা ]
HOWRAH । হাওড়া DAILY।দৈনিক RNI:WBBEN/2020/81746 14 SEPTEMBER 2024 , SATURDAY । ১৪ সেপ্টেম্বর ২০২৪ , শনিবার VOLUME । বর্ষ-4 ISSUE । সংখ্যা-397 PAGE । পৃষ্ঠা-4

# এবার পুজোতে শনি-রবিবার অতিরিক্ত মেট্রো পরিষেবা



বেবি চক্রবর্তী ,এই যুগ ,কলকাতা ,১৩ সেপ্টেম্বর : বাঙালির শ্রেষ্ঠ উৎসব দুর্গাপূজা প্রায় চলে এসেছে। এরই মধ্যে দিনে দিনে ক্রমশ বাড়ছে বাজারে কেনাকাটার ধুম। প্রত্যেকদিন সন্ধ্যায় মেট্রো গুলোতে থাকে প্রচন্ড ভীড় একদিকে পুজোর কেনাকাটা অর অন্যদিকে অফিস ফেরা যাত্রী থেকে পড়ুয়া। তাই এবার থেকে ভিড়ে ঠাসা যানজট রুখতে শনি-রবিবার চলবে অতিরিক্ত মেট্রো। ইতিমধ্যেই কলকাতা মেট্রোর তরফে বিবৃতি জারি হয়েছে। সেখানে বলা হয়েছে যে ১৪ সেপ্টেম্বর ও ২১ সেপ্টেম্বর দুই শনিবার ২৩৪টির বদলে পুজোর আগে পর্যন্ত চলবে ২৬২টি মেট্রো। অন্যদিকে ২৮ সেপ্টেম্বর ও ৫ অক্টোবর দুই শনিবার ২৩৪টির বদলে ২৮৮টি মেট্রো চলবে। এছাড়াও ১৫ , ২২ , ২৯ সেপ্টেম্বর ও ৬ অক্টোবর রবিবার গুলিতে ১৩০টির বদলে ১৯৬টি মেট্রো চলবে। শনিবার দমদম থেকে প্রথম মেট্রো পাওয়া যাবে সকাল ৬টা ৫০ মিনিটে। অন্যদিকে দক্ষিণেশ্বর থেকে প্রথম মেট্রো পাওয়া যাবে সকাল ৭টায়। দক্ষিণেশ্বর থেকে রাতে শেষ মেট্রো পাওয়া যাবে ৯টা বেজে ২৮ মিনিটে। অন্যদিকে কবি সুভাষ থেকে শেষ মেট্রো পাওয়া যাবে ৯টা ৪০ মিনিটে। প্রত্যেক রবিবার কবি সুভাষ থেকে প্রথম মেট্রো পাওয়া যাবে সকাল ৯টায়। দমদম থেকে রবিবারে প্রথম মেট্রো ছাড়ছে সকাল ৯টায়। রাতে কবি সুভাষ থেকে দক্ষিণেশ্বর পর্যন্ত শেষ মেট্রো রাত ৯টা ২৭ এর পরিবর্তে সাড়ে ৯টায় পাওয়া যাবে।এছাড়াও দক্ষিণেশ্বর থেকে কবি সুভাষ পর্যন্ত শেষ মেট্রো পাওয়া যাবে রাত ৯টা ২৮ মিনিটে। দমদম থেকে কবি সুভাষগামী শেষ মেট্রো পাওয়া যাবে ৯টা ৪০ মিনিটে। তবে গ্রিন লাইন-১ , গ্রিন লাই-২ , পার্পল ও অরেঞ্জ লাইন শনি ও রবিবারের মেট্রো সূচি পরিবর্তিত থাকছে না।এবার পুজোতে যাত্রী পরিষেবা দিতে পুরো দমে কাজে নেমে পড়েছে কলকাতা মেট্রো।

# বৈঠকে নারাজ জুনিয়র চিকিৎসকেরা ,পদত্যাগের ইচ্ছে প্রকাশ মুখ্যমন্ত্রীর



বেবি চক্রবর্তী ,এই যুগ ,কলকাতা ,১৩ সেপ্টেম্বর :আরজি-কাণ্ডের পরবর্তী ঘটনাক্রমে তৃতীয় বারের মতো মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং জুনিয়র চিকিৎসকদের মধ্যে বৈঠক ভেস্তে গেছে। মুখ্যমন্ত্রী বৃহস্পতিবার নবান্নে প্রায় দু'ঘণ্টা অপেক্ষা করলেও , চিকিৎসকেরা বৈঠকে আসেননি। এর পর সাংবাদিক বৈঠকে মমতা বন্দ্যোপাধ্যায় তাঁর হতাশা প্রকাশ করেন এবং পদত্যাগ করার ইচ্ছা প্রকাশ করেনতিনি বলেন , 'তিন দিনেও সমাধান করতে পারলাম না। বাংলার মানুষের কাছে ক্ষমা চাইছি। আমি পদত্যাগ করতে রাজি আছি , কিন্তু কেউ কেউ বিচার চায় না , চায় ক্ষমতার চেয়ার।' মঙ্গলবার থেকে জুনিয়র চিকিৎসকরা স্বাস্থ্য ভবনের সামনে ধর্নায় বসেছেন আরজি কর-কাণ্ডের প্রতিবাদে। এর আগে , মুখ্যমন্ত্রী দু'বার তাঁদের সঙ্গে বৈঠকের প্রস্তাব দিলেও বৈঠক হয়নি। চিকিৎসকদের দাবি ছিল , বৈঠকের সরাসরি সম্প্রচার হোক এবং ৩০ জন প্রতিনিধিকে নিয়ে বৈঠক করা হোক। তবে এই দুই শর্তেই আপত্তি জানায় রাজ্য সরকার। বৈঠক ভেস্তে যাওয়ার পর মমতা বন্দ্যোপাধ্যায় বলেন , 'আমাকে অনেক অসম্মান করা হয়েছে। আমার সরকারকে অসম্মান করা হয়েছে। তবে আমি ডাক্তারদের প্রতি কোনও রাগ বা ক্ষোভ পোষণ করছি না। আমি তাঁদের ক্ষমা করে দিয়েছি।' তিনি আরও বলেন , 'সুপ্রিম কোর্টের নির্দেশ অনুসারে সময় পেরিয়ে গেছে , এবং বহু মানুষ চিকিৎসা পাচ্ছেন না। ইতিমধ্যে ২৭ জনের মৃত্যু হয়েছে এবং সাত লক্ষ মানুষ চিকিৎসা থেকে বঞ্চিত হয়েছেন।' -ফাইল চিত্র।

# গজলডোবায় অম্রুত জল প্রকল্পের শিলান্যাস করলেন মেয়র



এই যুগ ,শিলিগুড়ি ,৩ সেপ্টেম্বর :বৃহত্তর শিলিগুড়িতে পানীয় জল সমস্যা দূরীকরণের লক্ষ্যে শুক্রবার গজলডোবায় অম্রুত০.২পানীয় জল প্রকল্পের প্রথম পর্যায়ের কাজের শিলান্যাস করলেন মেয়র গৌতম দেব। উপস্থিত ছিলেন রাজগঞ্জের বিধায়ক খগেশ্বর রায় , শিলিগুড়ি পৌর নিগমের চেয়ারম্যান প্রতুল চক্রবর্তী, ডেপুটি মেয়র রঞ্জন সরকার , মেয়র পারিষদ দুলাল দত্ত , পুর নিগমের বাস্তুকারগন সহ কাউন্সিলর গন। মেয়র গৌতম দেব জানান এই প্রকল্পটি বাস্তবায়িত করতে মোট পাঁচশো চার কোটি টাকা ব্যয় হবে। এদি প্রথম পর্যায়ের কাজের শিলান্যাস করা হলো। প্রথম পর্যায়ে গজলডোবা থেকে ফুলবাড়ি পর্যন্ত আঠাশ কিলোমিটার পাইপ লাইন বসানো সহ বিভিন্ন কাজ হবে। প্রথম পর্যায়ের কাজে দুশো চার কোটি টাকা ব্যয় হবে। তিনি আরও জানান দ্বিতীয় পর্যায়ের কাজেরও টেন্ডার প্রক্রিয়া শেষ হয়েছে। এই মেগা পানীয় জল প্রকল্পে ইনটেক ওয়েলের মাধ্যমে গজলডোবা থেকে তিস্তার জল পাইপ লাইনের মাধ্যমে ফুলবাড়ি প্ল্যান্টে নিয়ে আসা হবে ও পরিশ্রুত করে পাইপ লাইনের মাধ্যমে বৃহত্তর শিলিগুড়িতে সরবরাহ করা হবে। এই প্রকল্পের কাজ দ্রুত শেষ করে বাস্তবায়নের জন্য তিনি আশাবাদী।

# মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবি তুলে প্রতিবাদ মিছিলে শুভেন্দু অধিকারী



এই যুগ , উত্তর ২৪ পরগনা , ১৩ সেপ্টেম্বর : আরজি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে জুনিয়র চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনার প্রতিবাদে গত ৮ সেপ্টেম্বর উত্তর ২৪ পরগনার নৈহাটি শহরে রাত দখল কর্মসূচির ডাক দিয়েছিল নাগরিক সমাজ।সেই কর্মসূচির অঙ্গ হিসেবে নাগরিক সমাজের আহবানে সাধারণ মানুষ যখন মিছিল করছিলেন তখন দুষ্কৃতীরা সেই মিছিলে ঢুকে পড়ে আক্রমণ চালায় বলে অভিযোগ। এর ফলে বেশ কয়েকজন স্কুল পড়ুয়া সহ সাধারণ মানুষ জখম হন। শুক্রবার সেই ঘটনার প্রতিবাদ জানিয়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের পদত্যাগ দাবি করে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে নৈহাটিতে মিছিল করল বিজেপি। ওই মিছিলে উপস্থিত ছিলেন ব্যারাকপুরের প্রাক্তন বিজেপি সাংসদ অর্জুন সিং সহ অন্যান্য নেতা-কর্মী ও সমর্থকরা।যখন দুষ্কৃতীরা এসে প্রতিবাদীদের মারধর করছিল তখন ঘটনাস্থলে কোনও পুলিশ কর্মীকে দেখা যায়নি। গন্ডগোল মিটে যাওয়ার পরে দু-তিন জন পুলিশ কর্মী আসে। তখন তাঁদের ঘিরে বিক্ষোভ দেখান প্রতিবাদীরা।শুক্রবার এই ঘটনার তীব্র নিন্দা করে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন , "যেভাবে ১৪ অগাস্ট রাতে আরজি কর হাসপাতালে আন্দোলনকারী চিকিৎসকদের ওপর হামলা চালানো হয়েছিল , ঠিক সেই রকম ভাবেই ৮ সেপ্টেম্বর নৈহাটিতে সাধারণ মানুষের ওপর আক্রমণ হয়েছে।

এই যুগ 14 SEPTEMBER 2024 , শনিবার দক্ষিণ ও উত্তর বঙ্গের জেলার খবর EI YUG

# জেলার কথা

## তেলিপাড়া চৌপথীতে দুর্ঘটনা , আটক টোটো ও একটি বোলেরো



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ সেপ্টেম্বর : কুমারগ্রাম ব্লকের তেলিপাড়া চৌপথীতে টোটো ও বোলেরো দুর্ঘটনার কবলে পড়ল। শুক্রবার সকালে ৩১ নম্বর সি জাতীয় সড়কে ওই পথ-দুর্ঘটনাটি ঘটেছে। জানা গিয়েছে , দুটি গাড়িই জাতীয় সড়ক ধরে তেলিপাড়া চৌপথীতে আসে। চৌপথীতে বোলেরো গাড়িটি টোটোকে ধাক্কা মারে। এতে টোটো চালক সহ মোট তিন জন জখম হন। তাদের উদ্ধার করে স্থানীয়রা কামাখ্যাগুড়ি গ্রামীণ হাসপাতালে পাঠান। কামাখ্যাগুড়ি পুলিশ বোলেরো গাড়িটি আটক করে ঘটনার তদন্ত শুরু করেছে।

## বিহারের গঙ্গাপুরে একটি বেসরকারি হাসপাতালে নার্সের ওপর চড়াও খোদ ডাক্তার

এই যুগ , বিহার ,১৩ সেপ্টেম্বর : আরজি কর হাসপাতালে তিলোত্তমার ধর্ষণ ও খুনের ঘটনার আগুন এখনও নেভেনি গোটা বিশ্বজুড়ে চলছে আজও প্রতিবাদ। তার মাঝেই এবার বিহারে একেবারে হাড়হিম করা ঘটনা। বিহারের একটি বেসরকারি হাসপাতালে এক নার্সকে গণধর্ষণের চেষ্টা করা হয় বলে খবর। এই ঘটনার জেরে এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। সূত্রের খবর নির্যাতনকারীদের মধ্যে একজন হলেন সেই হাসপাতালেরই চিকিৎসক। তিনিও ওই নার্সের উপর ঝাঁপিয়ে পড়েছিলেন বলে অভিযোগ। ওই চিকিৎসক আবার ওই নার্সিংহোমের অন্যতম প্রশাসক। তার বিরুদ্ধেই এই ভয়াবহ অভিযোগ। তবে ওই নার্স কোনওরকমে সেখান থেকে পালিয়ে আসতে পারেন বলে জানা গিয়েছে। তার আগে তিনি ব্লেড দিয়ে ওই চিকিৎসকের গোপন অঙ্গে আঘাত করেন। রক্তারক্তি হতেই তিনি কোনওরকমে রক্ষা পান। পাশাপাশি গঙ্গাপুরের আরবিএস হেলথ কেয়ার সেন্টারে ওই নার্স সেদিন সবে কাজ শেষ করেছিলেন। এরপর তিনি বাড়ি ফেরার জন্য তৈরি হচ্ছিলেন। বুধবার রাতের ঘটনা। তখন ওই হাসপাতালের চিকিৎসক তথা হাসপাতালের অন্যতম প্রশাসক ডাঃ সঞ্জয় কুমার ও তার দুজন সহযোগী ওই নার্সের উপর ঝাঁপিয়ে পড়েন বলে খবর। ওই তিনজনই মদ্যপ অবস্থায় ছিলেন বলে খবর। তারা ওই নার্সকে রেপ করার চেষ্টা করেছিলেন বলে অভিযোগ। তবে সেই নার্স ওই দুষ্কৃতীদের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য ওই চিকিৎসকের গোপন অঙ্গে আঘাত করেন। এরপর তিনি ওখান থেকে পালিয়ে আসেন। এরপর হাসপাতালের কাছের একটি মাঠে তিনি লুকিয়ে পড়েন। সেখান থেকেই তিনি পুলিশকে ফোন করেন। পুলিশ গিয়ে ওই নার্সকে উদ্ধার করে। এরপর পুলিশ এলাকায় তল্লাশি চালায়। তল্লাশি চালিয়ে পুলিশ ওই চিকিৎসককে গ্রেফতার করে। তার দুজন সঙ্গীকেও গ্রেফতার করা হয়েছে। ডেপুটি সুপারিন্টেন্ডেন্ট সঞ্জয় কুমার পান্ডে জানিয়েছেন , তিনজনকে গ্রেফতার করা হয়েছে। ধৃতদের মধ্যে চিকিৎসকও রয়েছেন। তবে ওই নার্সের উপস্থিত বুদ্ধি তারিফ করার মতো। ওই হাসপাতালের ভেতর থেকে তালাবন্ধ করে দেওয়া হয়েছিল। এরপর সমস্ত সিসি ক্যামেরা বন্ধ করে দেওয়া হয়। তারপর ওই কাণ্ড ঘটনোর চেষ্টা করা হয়। তবে ওই নার্স তাঁর উপস্থিত বুদ্ধির জেরে রক্ষা পেয়েছেন।

# পুলিশের উদ্যোগে স্কুল ছাত্রীদের আত্মরক্ষার প্রশিক্ষণ সহ সচেতনতা মূলক কর্মসূচি




এই যুগ , কোচবিহার , ১৩ সেপ্টেম্বর : কোচবিহার জেলা পুলিশের কোতোয়ালি থানার উদ্যোগে কোচবিহার উচ্চ বালিকা বিদ্যালয়ে আয়োজিত হয় এক সচেতনতা কর্মসূচী। এই কর্মসূচিতে মানব পাচার , পকসো আইন , বাল্যবিবাহ , ড্রাগের অপব্যবহার , সাইবার ক্রাইম প্রভৃতি বিষয়ে আলোচনার মাধ্যমে ছাত্রীদের সচেতন করা হয়। এছাড়াও ছাত্রীদের আত্মরক্ষার কৌশল বিষয়ে প্রশিক্ষন দেওয়া হয়। উপস্থিত ছিলেন পুলিশের আধিকারিকগন সহ বিদ্যালয়ের শিক্ষিকাগন।

# জেলার বিভিন্ন সরকারি প্রকল্প পরিদর্শনে জেলা প্রশাসনের আধিকারিকগন



এই যুগ ,জলপাইগুড়ি ,১৩ সেপ্টেম্বর : জলপাইগুড়ি জেলার সিভিল ও পুলিশ প্রশাসনের আধিকারিকগন এর একটি দল শুক্রবার যৌথভাবে জেলার বিভিন্ন সরকারি প্রকল্প পরিদর্শন করেন। দলে ছিলেন জেলার দুজন অতিরিক্ত জেলাশাসক , অতিরিক্ত পুলিশ সুপার , জেলা সদর ও ধুপগুড়ি মহকুমা আধিকারিকদ্বয় , মালবাজার মহকুমা পুলিশ আধিকারিক সহ অন্যান্য প্রশাসনিক আধিকারিকগন। পরিদর্শক দলের পক্ষ থেকে জানা গেছে এদিন তারা জেলার বিভিন্ন এলাকায় সরকারি প্রকল্পগুলি পরিদর্শন করে প্রকল্পগুলির অগ্রগতি ও সার্বিক পরিস্থিতি খতিয়ে দেখেন। তারা জানান জেলার উন্নয়ন ও জেলাবাসীর কল্যানে জেলা প্রশাসন প্রতিশ্রুতিবদ্ধ।



# বিদেশি সিগারেট সহ গ্রেপ্তার একজন



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ সেপ্টেম্বর : চোরা পাচারকারীদের স্বর্গরাজ্য হয়ে দাঁড়িয়েছে জাতীয় সড়কগুলো। প্রচুর বিদেশি সিগারেট সহ এক জনকে গ্রেফতার করল বীরপাড়া থানার। অসম থেকে দিল্লিতে পাচারের পথে বীরপাড়া এলাকায় একটি কন্টনার আটক করে পুলিশ। সেই কন্টেনার থেকে চৌদ্দ কার্টুন বিদেশি সিগারেট উদ্ধার হয়। যার বাজার মূল্য আনুমানিক ৮২ লক্ষ টাকা। এই ঘটনায় কন্টেনার লরির চালককে গ্রেফতার করেছে পুলিশ।


## জেলা প্রতিনিধি

দৈনিক বাংলা সংবাদপত্র 'এই যুগ' এর জন্য বিভিন্ন জেলায় 'জেলা প্রতিনিধি' দরকার। ইচ্ছুক থাকলে নিজস্ব বায়োডাটা 'CV' পাঠিয়ে যোগাযোগ করুন - EIYUGNEWSPAPER@GMAIL.COM ।


# সুপ্রিম কোর্টে জামিন পেলেন দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল



বেবি চক্রবর্ত্তী ,এই যুগ ,দিল্লি ,১৩ সেপ্টেম্বর : শুক্রবার সুপ্রিম কোর্ট সিবিআইয়ের আবগারি নীতি মামলায় জামিন পেলেন দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল। আর এই খবর ছড়িয়ে পড়তেই আম আদমি পার্টির (এএপি) নেতাদের মধ্যে স্বস্তি ফিরে আসে এবং মুখে ফেরে আগের হাসি। আনন্দে মাতোয়ারা হয়ে পরস্পর-পরস্পরকে জড়িয়ে ধরেন। পাশাপাশি শীর্ষ আদালত এদিন অরবিন্দ কেজরিওয়ালের জামিন ঘোষণা করার সাথে সাথে নেতারা স্বস্তির নিঃশ্বাস ফেলেন। দলের অন্যান্য নেতাদেরও সিসোদিয়া এবং অতিশির সাথে হাত মেলাতে দেখা যায়। ইতিমধ্যেই এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের আবগারি নীতি সংক্রান্ত আর্থিক তছরুপের মামলায় অন্তর্বর্তী জামিন পেয়েছিলেন তিনি। দিল্লির আবগারি নীতি ২০২১-২২-এ অনিয়মের অভিযোগে আর্থিক তছরুপের তদন্তে ২১ মার্চ দিল্লির মুখ্যমন্ত্রীকে গ্রেপ্তার করেছিল ইডি। আবগারি মামলায় এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের হেফাজতে থাকা অবস্থায় ২৬ জুন তাঁকে গ্রেফতার করে সিবিআই।তাঁর মুক্তির পর আপ শীর্ষ আদালতের রায়কে স্বাগত জানিয়ে বলেছে , 'সত্যমেব জয়তে'।আবগারি নীতি মামলায় সম্প্রতি জামিন পাওয়া প্রাক্তন উপমুখ্যমন্ত্রী মণীশ সিসোদিয়া বলেন , 'আজ আরও একবার মিথ্যা ও ষড়যন্ত্রের বিরুদ্ধে লড়াইয়ে সত্যের জয় হল। সত্যের শক্তিতে স্বৈরশাসকের কারাগারের তালা ভেঙে যায়। অতিশী বলেন , 'সত্যকে ঝামেলা করা যায় , কিন্তু পরাজিত করা যায় না।অন্যদিকে অরবিন্দ কেজরিওয়ালকে কটাক্ষ করলেন বিজেপি নেতা গৌরব ভাটিয়ান শুক্রবার দিল্লির মুখ্যমন্ত্রীকে কটাক্ষ করে বলেন , 'জেলওয়ালার মুখ্যমন্ত্রী এখন 'জামিনওয়ালা'র মুখ্যমন্ত্রী হয়েছেন। কেজরিওয়ালের পদত্যাগও দাবি করেন তিনি।সবচেয়ে গুরুত্বপূর্ণ হল , দিল্লির মানুষের কণ্ঠস্বর অনুযায়ী অরবিন্দ কেজরিওয়ালের মুখ্যমন্ত্রীর পদত্যাগ করা উচিত। কিন্তু তিনি তা করবেন না কারণ তার নৈতিকতার এক ফোঁটাও নেই... তিনি বলতেন , অভিযোগ থাকলেও একজন রাজনীতিবিদের পদত্যাগ করা উচিত। আর এখন জামিনে বাইরে , ৬ মাস জেলে ছিলেন , কিন্তু পদত্যাগ করছেন না... এখন তিনি আসামীর ক্যাটাগরিতে আছেন। তবে অরবিন্দ কেজরিওয়াল মুক্তি পাচ্ছেন এই খবর ছড়িয়ে পড়তেই আপ নেতা কর্মীদের আনন্দের উল্লাস ছিল বেশ দেখার মত। খুশির আলো ছড়িয়ে পড়ে চারদিকে। এই মুক্তির জেরে অনেকেই উচ্ছ্বাস প্রকাশ করেন। তবে বিজেপি নেতৃত্ব এনিয়ে নানা কটাক্ষ করা শুরু করেন। এখন দেখার বিষয় হল দিল্লির সাধারণ জনগণ এই বিষয়টি কতটা আবেগ থাকে সেদিকেই তাকিয়ে রাজনৈতিক বিশেষজ্ঞরা।

# আরজি কর কাণ্ডে দোষীদের শাস্তির দাবিতে নিজের রক্ত দিয়ে অভিনব প্রতিবাদে সরব ডাঃ ইন্দ্রনীল খাঁ






এই যুগ , কলকাতা ,১৩ সেপ্টেম্বর : দিন যাচ্ছে চলে , হচ্ছে প্রতিবাদ চারপাশে তবুও আরজি করের ডাক্তার হত্যাকাণ্ডের দোষীদের শাস্তি হচ্ছে না। আরজি কর কাণ্ডে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে এবার অভিনব প্রতিবাদে সরব হলেন বিজেপি যুব মোর্চার রাজ্য সভাপতি তথা বিশিষ্ট চিকিৎসক ডাঃ ইন্দ্রনীল খাঁ। নিজের হাতের রক্ত দিয়ে তিলোত্তমার বিচারের জন্য তিনি কাগজে লিখে প্রতিবাদ করলেন ধর্মতলায় বিজেপির ধর্না মঞ্চ থেকে।এক ডাক্তারের জন্য এক ডাক্তারের রক্তের মাধ্যমে প্রতিবাদে সাক্ষী রইলো গোটা বাংলা।



কাগজের নৌকা
14 SEPTEMBER 2024 , শনিবার

**লেখা প্রকাশ**
নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশ করতে যোগাযোগ করুন - ৯০৬২৮৬৭৯২১ নং এ

# দুর্গাপূজার আগেই সাধারণ মানুষের কথা চিন্তা করে হুগলির আরামবাগে স্পেশাল নাকা চেকিং করলো আরামবাগ থানার পুলিশ






বেবি চক্রবর্ত্তী ,এই যুগ , হুগলি ,১৩ সেপ্টেম্বর : বাঙালি সর্বশ্রেষ্ঠ পূজা দুর্গা পুজা। সেই দুর্গা পূজার প্রাক্কালেই যাতে কোনরকম বিঘ্নিত না ঘটে। ঠিক এই সময়ে চোরেদের উৎপাত প্রচন্ড পরিমাণে বেড়ে যায়। একাধিক বাইক চুরি হয় ।এদিকের কথা মাথায় রেখে এবং সাধারণ মানুষদের জীবন নিরাপদে রাখার জন্য। মূলত প্রতিমুহূর্তে হুগলি জেলার আরামবাগের পুলিশের ভূমিকা সর্বাঙ্গীনভাবে দেখতে পাওয়া যায়। এরকম একটি চিত্র দেখতে পাওয়া গেল আরামবাগের মনসাতলা এলাকায়। প্রতিমুহূর্তে সাধারণ মানুষদের কথা চিন্তা ভাবনা করেই সাধারণ মানুষ যাতে গাড়ির সমস্ত নথিপত্র নিয়ে বেরোই এবং তার সাথে অবশ্যই যেটা জরুরী গাড়ির হেলমেট , হেলমেট পরিধান করে যাতে তারা বের হয় তার জন্য জন্য একাধিক সচেতনতামূলক কর্মসূচি করে যাচ্ছে আরামবাগ থানার পুলিশ সাধারণ মানুষদেরকে সতর্ক করার জন্য।যেভাবে এখন এক্সিডেন্ট বেরিয়ে যাচ্ছে সে ক্ষেত্রে হেলমেট নিয়ে বেরনা ও নিজের জীবনকে সুরক্ষা যাতে রাখে তার জন্য আজকে হুগলি জেলার আরামবাগের মনসা তলা এলাকায় চললো রাত্রি কালীন জবরদস্ত নাকা চেকিং ।প্রত্যেকটি বাইক আরোহীদের কে আটকে রেখে তাদের সমস্ত নথিপত্র ঠিকঠাক আছে কিনা হেলমেট ঠিকঠাক পরিধান করেছে কিনা। সমস্ত কিছুই দেখে নিচ্ছিল। এবং যারা নথিপত্র নিয়ে বার হয়নি রাস্তাঘাটে , তাদেরকে ফাইন পর্যন্ত দিতে হয়েছে। কিন্তু এই ব্যাপারে বাইক আরোহীদের কে প্রশ্ন করাই তারা জানান পুলিশের এই কাজকে উনারা সাধুবাদ জানাচ্ছে ।তারা আরো জানান এতে আমাদের নিজেদের নিরাপত্তার জন্য ,নিজেদের জীবনকে বাঁচানোর জন্য করছে যাতে আমরা সেফটি থাকি। তাই আমাদেরকে ফাইন দিতে হলেও এ কাজকে আমরা খুবই সাধুবাদ জানাচ্ছি ।এবং তার সাথে সাথে আরো বিভিন্ন বাইক আরোহীদের আটক করে যখন পুলিশ তাদেরকে ফাইন দেয় পুলিশের সাথে তুমুল বাকবিতণ্ডায় জড়িয়ে পড়ে তর্ক বিতর্ক চলে কেউ কেউ ফাইন দিতে রাজিও হয়নি বলে সূত্রের খবর।

# মলিন

আশীষ কুমার কুন্ডু
( ব্যারাকপুর , পশ্চিমবঙ্গ )

জরা-জীর্ণ ছাদের কোণে , কর্কশ-কণ্ঠে ডাকে কে ,
ভগ্ন শরীর নিয়ে বসে সে ,
বটবৃক্ষের বীজ এনে রোপন করেছে ,
আষ্টে-পৃষ্ঠে জড়িয়ে ওই গালিচা ,
গুল্ম-রূপী বটবৃক্ষের মহীরুপির কাননে ,
হয়েই চলেছে শত পাখির আনাগোনা ,
মুখরিত হবে বনানী , শত চেষ্টা করে ও উপড়ে ,
ফেলতে পারবে না কেউ ,
তাইতো বলি ,মনে কিছু থাকলে ,
বলে ফেলো এখনই ,
শিমুল ফুলের রং দিয়ে আজ ,
আলপনা এঁকে চলেছি ,
মুছে ফেলতে কোন বর্ণ ভালো লাগে যে ,
কোন নকশা হবে , বলে ফেলো তখনই ,
শুরুটা হোক ,শুরুটাই যে হোক ,
পরিকল্পিত মিথ্যা দিয়ে ,
সত্য বলে চালনা করার চেষ্টা ,
আবেগ দিয়ে দূর হোক অবচেতনা ,
মন দ্বিধা দিয়ে নয় , শুরু হোক ,
পরিষ্কার করে রশ্মি পানে চেয়ে ,
চোখে চেয়ে দেখা , কানে শোনা ,
হাতের নিপুন সেবা পেয়েই চলেছে,
হারাবো না সন্ধ্যাবেলায় পত্র-পুটে ,
সুখ-দুঃখ ভরা সব দিতে হবে এই খানে।।

# আমতায় উদ্বোধন হল দ্বিতীয় বার্ষিক বই মেলার




সন্দীপ মজুমদার ,এই যুগ ,হাওড়া ,১৩ সেপ্টেম্বর :শুক্রবার আমতা জয়পুর পঞ্চানন রায় কলেজে দ্বিতীয় বার্ষিক গ্রামীণ বই মেলার উদ্বোধন করা হয়। উদ্বোধন করলেন রাজ্যের পূর্ত ও জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের মন্ত্রী পুলক রায়। উপস্থিত ছিলেন আমতা কেন্দ্রের বিধায়ক সুকান্ত কুমার পাল , হাওড়া জেলা পরিষদের সহকারী সভাধিপতি অজয় ভট্টাচার্য সহ প্রমুখ।




দৈনিক 'এই যুগ' সংবাদপত্রে নিজস্ব ব্যবসায়িক প্রতিষ্ঠানের বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন - 9062867921

EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S - DOMJUR ,DISTRICT -HOWRAH , PIN -711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY SUROJIT MALICK AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE " ,BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA ,P.S-DOMJUR , STATE - WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO -9062867921 ,9836753661 । EMAIL-EIYUGNEWSPAPER@GMAIL.COM , NEWSPAPER EIYUG@GMAIL.COM । RNI : WBBEN/2020/81746 ।